


# যুগান্তর

## ফের ঢাবি ভিসির দায়িত্বভার নিলেন ড. আখতারুজ্জামান

প্রকাশ : ০৫ নভেম্বর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 ঢাবি প্রতিনিধি



ঢাবি ভিসি অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। ফাইল ছবি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি হিসেবে ফের দায়িত্ব গ্রহণ করেছেন ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। সোমবার সকালে আনুষ্ঠানিকভাবে তিনি এ দায়িত্ব গ্রহণ করেন।

এর আগে রোববার রাষ্ট্রপতি ও চ্যান্সেলর ঢাকা বিশ্ববিদ্যালয় আদেশ-১৯৭৩-এর ১১(১) ধারা মোতাবেক সিনেট মনোনীত প্যানেল থেকে তাকে আগামী ৪ বছরের জন্য ভিসির দায়িত্ব প্রদান করেন।

দায়িত্ব গ্রহণকালে উপস্থিত ছিলেন প্রো-ভিসি (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. এএসএম মাকসুদ কামাল, সাধারণ সম্পাদক অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলাম, সিনেট সদস্য এসএম বাহালুল মজনুন, রেজিস্ট্রার মো. এনামউজ্জামানসহ বিভিন্ন অনুষদের ডিন, বিভিন্ন হলের প্রভোস্ট ও বিভিন্ন বিভাগের চেয়ারম্যানরা।

অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেন, আন্তর্জাতিক র্যাংকিংয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অবস্থান উন্নত করতে সবাইকে নিষ্ঠা ও আন্তরিকতার সঙ্গে কাজ করতে হবে।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।  
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

---

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার  
বেআইনি।